শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ অ্যালামনাই এসোসিয়েশন
SHAHEED BIR BIKRAM RAMIZ UDDIN CANTONMENT COLLEGE ALUMNI ASSOCIATION
Web: www.srccaa.org, ইমেইল: sruccaa98@gmail.com
Estd.-2018

স্মারক নম্বর: তারিখ: ২৮-০১-২০২৪

# “শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ অ্যালামনাই এসোসেয়েশন” এর ২০২৩-২০২৪ মেয়াদের ৩য় সভার কার্যবিবরণী

“শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ অ্যালামনাই এসোসেয়েশন” এর ২০২৩-২০২৪ মেয়াদের ৩য় সভা গত ২৬ জানুয়ারি ২০২৪ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকায় কলেজ ক্যাম্পাসে এ এইচ এম তানভীর উল্যাহ (শান্ত)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সদস্যগণের তালিকা:

| পদবী | নাম | ব্যাচ |
|---|---|---|
| উপদেষ্টা (প্রাক্তন শিক্ষার্থী) | এস. এম ইফতে খায়রুল ইসলাম | ২০০০ |
| সভাপতি | এ এইচ এম তানভীর উল্যাহ (শান্ত) | ২০০০ |
| সহ-সভাপতি | মো: হারুনুর রশীদ ঢালী বাবু | ২০০৩ |
| সাধারণ সম্পাদক | মোস্তাফিজুর রহমান | ২০০৩ |
| সাংগঠনিক সম্পাদক | মো: রুবেল আহমেদ মিন্টু | ২০০৩ |
| সহ অর্থ সম্পাদক | জাহিদুল ইসলাম নিলয় | ২০১৯ |
| প্রচার সম্পাদক | এম জামান স্বাধীন | ২০০৯ |
| দপ্তর সম্পাদক | মো: রেহাত ফেরদৌস ফাহিদ | ২০১৩ |
| সহ তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পদক | মোঃ আল-আমিন | ২০১৯ |
| সহ তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পদক | আশিকুজ্জামান অনিক | ২০২০ |
| সহ জনসংযোগ  বিষয়ক সম্পাদক | নুরুল হুদা | ২০০৩ |
| সহ নিরাপত্তা বিষয়ক সম্পাদক | শাহ রায়হান আহমেদ | ২০১২ |
| সাহিত্য ও প্রকাশন বিষয়ক সম্পাদক | ইঞ্জি: রাগীব আহসান ফাহিম | ২০০৯ |
| কার্যকরী সদস্য | শিউলি আক্তার | ২০০৩ |
| কার্যকরী সদস্য | নূর মোহাম্মদ রিফাত | ২০২১ |
| কার্যকরী সদস্য | এন আর জায়েদ | ২০২২ |

**উপস্থাপনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সকলকে কষ্ট করে সভায় অংশগ্রহণ করবার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

## আলোচনা:

### ১.ওয়েবসাইট উদ্ধোধন ও ব্যবহার করণ সংক্রান্ত:

সভাপতি ওয়েবসাইট প্রস্তুত করবার জন্য সকলকে ধন্যবাদ জানান। সভাপতি ওয়েবসাইট ব্যবহার ও প্রক্রিয়া সম্পর্কে প্রচার সম্পাদকের কাছে জানতে চান এবং এর ব্যবহার বিধি নিয়ে প্রচার সম্পাদককে আলোচনা করতে বলেন। সভাপতির অনুমতিক্রমে প্রচার সম্পাদক ওয়েবসাইট এর বিস্তারিত আলোচনা করেন এবং এর ব্যবহার সুবিধা নিয়ে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। প্রচার সম্পাদকের অনুরোধে সকলের সামনে আজকের সভায় অন লাইনের মাধ্যমে ২০০০ ব্যাচের প্রাক্তন ছাত্র ও সম্মানিত উপদেষ্টা এস. এম ইফতে খায়রুল ইসলাম রেজিস্ট্রেশন ও মাসিক চাদা সম্পন্ন করেন। প্রচার সম্পাদক বলেন যে, ওয়েবসাট তৈরির মাধ্যমে সকলের সাথে যোগাযোগ আরও সহজতর হবে এবং টাকা পয়সার লেনদেনে আরও স্বচ্ছতা আনয়ন হবে। ওয়েবসাইট তৈরির সার্বিক সহযোগিতার জন্য প্রচার সম্পাদককে সকলে ধন্যবাদ জানান। কিছু সংশোধন, আপডেটকরণ ধীরে ধীরে সম্পন্ন হবে বলে সভার সকলকে প্রচার সম্পাদক অবহিত করেন।

### সিদ্ধান্ত:

**সভাপতি ও সাধারণ সম্পাদক কমিটির সকলকে দ্রুত রেজিস্ট্রেশন এবং যার যার ব্যাচের সকল বন্ধুদের রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করেন।**

### ২. ব্যাংক একাউন্ট খোলা নিয়ে আলোচনা:

অর্থ সম্পাদক সভায় উপস্থিত না থাকায় এই বিষয়ে কোন আলোচনা বা সিদ্ধান্ত গ্রহণ করা হয় নি।

### ৩.অ্যালামনাই এসোসিয়েশন চত্বর নিয়ে আলোচনা:

কমিটির সকলে অ্যালামনাই এসোসিয়েশন চত্বর তৈরীর জায়গা পরিদর্শণ করেন। সাধারণ সম্পাদক বলেন যে, কলেজে অ্যালামনাই এসোসিয়েশন চত্বর তৈরি করা আমাদের জন্য একটি বড় পাওয়া। এই পাওয়ার সুযোগ করে দেয়ার জন্য অধ্যক্ষ মহোদয়কে সাধারণ সম্পাদক ধন্যবাদ জ্ঞাপন করেন। সেই সাথে কমিটির যারা এখনো আর্থিক ভাবে সহযোগিতা করেন নি তাদের দ্রুত সহযোগিতা করবার জন্য অনুরোধ করেন। ইতোমধ্যে ১ ট্রাক ইট কলেজ ক্যাম্পাসে এসে পৌছেছে বলে সাধারণ সম্পাদক সভার সকলকে অবহিত করেন।

### সিদ্ধান্ত:

**খুব দ্রুত সময়ের মধ্যে কাজ শুরু হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।**

## ৪.আজীবন সদস্য ফি ও মাসিক চাঁদা সংক্রান্ত:

সভাপতি ও সাধারণ সম্পাদক সকলকে ওয়েবসাইটের মাধ্যমে আজীবন সদস্য হওয়া এবং এই ওয়েবসাইট সকলের মধ্যে পৌছে দেবার জন্য কমিটির সকলকে অনুরোধ করেন। আজকের সভায় উপদেষ্টা জনাব এস এম ইফতেখারুল ইসলাম আজীবন সদস্য ও মাসিক চাঁদা পরিশোধ করেন। এই জন্য সভার সকলে সম্মানিত উপদেষ্টা কে ধন্যবাদ জানান।

## সিদ্ধান্ত:

**সভাপতি ও সাধারণ সম্পাদক সকলকে ওয়েবসাইটের মাধ্যমে আজীবন সদস্য হওয়া এবং এই ওয়েবসাইট সকলের মধ্যে পৌছে দেবার জন্য কমিটির সকলকে অনুরোধ করেন।**

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

এ এইচ এম তানভীর উল্যাহ (শান্ত)
সভাপতি
শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ
অ্যালামনাই এসোসিয়েশন

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অধ্যক্ষ ও প্রধান উপদেষ্টা, শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা ক্যান্টনমেন্ট (অধ্যক্ষ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. এ. কে. মুরাদ, ছাত্র ছাত্রী বিষয়ক প্রধান উপদেষ্টা, শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ অ্যালামনাই এসোসিয়েশন।
৩. উপদেষ্টা মন্ডলীর সদস্যবৃন্দ, শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ অ্যালামনাই এসোসিয়েশন।
৪. কমিটির সদস্যবৃন্দ, শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ অ্যালামনাই এসোসিয়েশন।
৫. প্রচার সম্পাদক, শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ অ্যালামনাই এসোসিয়েশন (ওয়েবসাইটে ও ফেসবুকে আপলোডের অনুরোধসহ।
৫. ফাইল কপি।

মোস্তাফিজুর রহমান বাবু
সাধারণ সম্পাদক
শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ
অ্যালামনাই এসোসিয়েশন